# মার্চ/২০১৯ মাসের দিনাজপুর সদর উপজেলার এনজিও কর্ম তৎপরতা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর।
সভার তারিখ ঃ ২৩/০৩/২০১৯ খ্রিঃ।
সময় ঃ ১১.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক'- তে সন্নিবেশিত হল ঃ

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্য-বিবরণী সভায় পাঠ করে শুনানো হয়।

আলোচনা ঃ বিবেচ্য মাসে দিনাজপুর সদর উপজেলাধীন কোন এনজিও/সংস্থা মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে সংস্থার পরিচিতি ও দিনাজপুর সদর উপজেলায় তাদের কর্ম পরিচালনার বিবরণ উপস্থাপন করেন নাই। সভাপতি গত মাসের প্রতিবেদন পরবর্তী মাসের ১ হতে ৭ তারিখের মধ্যে দাখিলের বিষয়ে উপস্থিত সকলকে অনুরোধ করেন।

নিম্নে দিনাজপুর সদর উপজেলার এনজিও সমূহের ফেব্রুয়ারি/২০১৯ মাসের মাসিক প্রতিবেদন বাস্তবায়িত প্রকল্পের তথ্যাবলী প্রদত্ত হলোঃ

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| আমইর চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২৪৫ | (১) শিক্ষা কার্যক্রম | ১৯২ জন শিশু দিনাজপুরের মোট ৮টি স্কুলে পড়াশুনা করছে। ৬ জন শিক্ষকের মাধ্যমে সকালে ও বিকালে কোচিং ক্লাশ করানো হয়। | দিনাজপুর সদর। | |
| | (২) পুষ্টিকর খাবার প্রদান | ১৯২জন শিশুকে ৩ দিন খাবার তালিকা অনুযায়ী ভাত, ডিম্, মাছ, মাংশ, ডাল ও ফল খাওয়ানো হয়। | | |
| | (৩) সংস্কৃতিক কার্যক্রম | ৫৬ জন শিশুকে সপ্তাহে ৩ (তিন) দিন নাচ ও গান শিখানো হয়। | | |
| সনাক | (১) শিক্ষা কার্যক্রম | প্রতিষ্ঠানিক স্বচ্ছ, জবাবদিহিতা নিশ্চিতকরা প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন, এসএমসিকে আরও কার্যকর করা, বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক স্বল্পতা, অবকাঠামোগত সমস্যা ও সমস্যার সমাধান, তথ্য প্রদানের রেজিষ্টার চালু রাখা, বিদ্যালয় উপবৃত্তি পাওয়ার শর্তসমূহ প্রদর্শন, এসএমসি সদস্যদের তালিকা ফোন নাম্বারসহ বিদ্যালয়ের সামনে ঝুলানো এব বার্ষিক বাজেট ও খরচের হিসাব জনসম্মুখ্যে প্রকাশসহ সকল বিদ্যালয়ে একটিভ মাদারস ফোরাম গঠনের লক্ষে ৭ মার্চ, ২০১৯ জেলা ও উপজেলা প্রাথমিক শিক্ষা কর্তৃপক্ষের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। | দিনাজপুর সদর | |
| | (২) নারী নির্যাতন প্রতিরোধ কার্যক্রম | নারীর ক্ষমতায়ন, নারী অধিকার প্রতিষ্ঠা, নারী নির্যাতন বন্ধ ও নারী-পুরুষ সমতা আনায়নের লক্ষে জেলা প্রশাসনের সাথে যৌথভাবে ৬মার্চ মানববন্ধন ও ৮ মার্চ আলোচনা সভার মধ্য দিয়ে আন্তর্জাতিক নারী দিবস পালন করা হয়। | | |
| এফপিএবি | (১) স্বাস্থ্য কার্যক্রম | বিবেচ্য মাসে স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ- ০২ জন এবং নারী- ১৪ জন। | দিনাজপুর সদর | |
| | (২) চিকিৎসা প্রদান কার্যক্রম | বিবেচ্য মাসে সাধারণ রোগের চিকিৎসা সেবা প্রদান করা হয় ৯৫৭ জনকে এবং ৪টি পরিবার উন্নয়ন কেন্দ্রে বিনা মূল্যে ঔষধ প্রদান করা হয়। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| অনুঘটক | (১) বনায়ন কার্যক্রম<br><br>(২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে পরিবেশ বান্ধব নার্সারী করা হয় ০৫ টি।<br><br>বিবেচ্য মাসে মাদকজাত দ্রব্য জনসচেতনতা সভা করা হয় ০১টি। | দিনাজপুর সদর | |
| এমকেপি | ❖ সমিতি সভা, ফোরাম সভা ও যোগাযোগ বৃদ্ধি | বিবেচ্য মাসে ৩০টি দলে উঠান বৈঠকের মাধ্যমে নারী-পুরুষের মধ্যে সমতা উন্নয়ন, সিদ্ধান্ত গ্রহন, নারী নির্যাতন প্রতিরোধ, নারীর ক্ষমতায়ন, বাড়ীর আশেপাশের জমিতে সবজি চাষ এবং মাদকাসক্তির কুফল বিষয়ে আলোচনা করা হয়। | দিনাজপুর সদর। | |
| মশীহপাড়া চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২২৫ | (১) সামাজিক শিক্ষা কার্যক্রম<br><br>(২) জাতীয় শিক্ষা কার্যক্রম<br><br>(৩) বাড়ি পরিদর্শন | বয়স অনুযায়ী শিশুদের সামাজিক সচেতনতা শিক্ষা প্রদান করা হয়েছে।<br>৬-৮ বছরে= ক) তোমার শরীর তোমার স্বাস্থ্য, খ) অন্যদের বিপদ-আপদে সহযোগীতা।<br>৯-১১ বছর= ক) তাড়াতাড়ি বিরক্ত না হওয়া, খ) একজন ভাল নাগরিক হওয়া, গ) অন্যদের সহযোগীতা করা।<br><br>১৬০ জন শিশু দিনাজপুরের বিভিন্ন প্রাইমারী স্কুল, কিন্ডার গার্টেন, হাই স্কুলে ও কলেজে লেখাপড়া করছে। সপ্তাহের ৫দিন ২ঘন্টা ৩ জন স্পেশালিস্ট শিক্ষকের মাধ্যমে ৮ম- দ্বাদশ শ্রেনী পর্যন্ত স্পেশাল শিক্ষা প্রদান করা হচ্ছে।<br><br>চলতি মাসে প্রকল্পের ৩০ টি শিশুর বাড়ি পরিদর্শনে যাওয়া হয়। এবারের মূল বিষয় ছিল শিশুর উপস্থিতি, অভিভাবক সমাবেশ ও এস.এস.সি পরীক্ষা বিষয়ে গুরুত্বারোপ। | দিনাজপুর সদর। | |
| ব্র্যাক | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম<br><br>(৩) স্যানিটেশন কার্যক্রম<br><br>(৪) বনায়ন কার্যক্রম<br><br>(৫) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন<br><br>(৬) প্রতিবন্ধী কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্র মহিলা ঋণ দেওয়া হয় ১০৩০ জন কে ৪,০২,৪০,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ৭৫ জনকে ২০,৪০,০০০/- টাকা।<br><br>বিবেচ্য মাসে চলমান ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ০৫ টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১৪৫ জন। শিক্ষকদের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান চলতি মাসে ২ জনকে দেওয়া হয় এবং এ পর্যন্ত ১৭টি স্কুলের ৭০ জন শিক্ষককে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ দেওয়া হয়।<br><br>বিবেচ্য মাসে গ্রাম ওয়াশ কমিটির মিটিং ০১টি অনুষ্ঠিত হয় এবং এ পর্যন্ত ১৬৬ টি ওয়াটশন মিটিং অনুষ্ঠিত হয়েছে। ৩৬ টি স্কুলে স্যানিটেশন তৈরি করে দেওয়া হয়েছে এবং স্যানিটেশন মাস অক্টোবর/১৮ মাসব্যাপি উদযাপন করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ১০৫৫০ টি চারা বিক্রয়ের মাধ্যমে পরিবেশ ও বনায়নে সহায়তা করা হয়েছে। এছাড়া কৃষি প্রযুক্তি ও বৃক্ষ মেলা ২০১৮ ব্র্যাক অংশগ্রহণ করে ১ম স্থান অধিকার করেছে।<br><br>চলতি মাসে ০৩ টি পরিবারকে এবং ২০১৮ইং অর্থবছরে ০৯টি পরিবারকে নির্যাতন হতে প্রতিরোধ করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ব্র্যাক স্কুলে ৮৫ জন প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের ভর্তি করে সকল প্রকার সযোগ সুবিধা দিয়ে আসছে। বিশ্ব প্রতিবন্ধী দিবস/২০১৮ পালন করা হয়েছে। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |

| | | | | |
|---|---|---|---|---|
| | (৭) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে গর্ভকালীন সেবা প্রদান করা হয় ১২২৫ জনকে এবং ২০১৯ অর্থ বছরে ২৪৫০ জনকে সেবা প্রদান করা হয়। | | |
| | (৮) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে কৃষি প্রযুক্তি ব্যবহার করে ৫০০ কেজি, ২০১৯ অর্থ বছরে ১৫০০কেজি রবি ও খরিপ মৌসুমী সবজিবীজ যেমন লাউ, মুলা, শিম, শসা, মিষ্টি কুমড়া ইত্যাদি উৎপাদন করা হয়েছে। | | |
| | (৯) প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা | ব্র্যাক দিনাজপুর সদর বিবেচ্য মাসে জেলা প্রশাসনের সাথে যৌথভাবে বিশ্ব পরিবেশ দিবশ/২০১৯ এবং জাতীয় দুর্যোগ প্রশমন দিবস/২০১৯ পালন করেছে। | | |
| | (১০) প্রশিক্ষণ | বিবেচ্য মাসে লার্নিং সেন্টার মাধ্যমে ৩০০ জন ব্র্যাক উপকারভোগী কর্মী/কর্মকর্তাকে এবং ৫০ জন অন্যান্য প্রতিষ্ঠানের কর্মী/কর্মকর্তাকে প্রশিক্ষণ দেওয়া হয়। | | |
| | (১১) নৃত্তাত্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়ন। | বিবেচ্য মাসে নৃত্তাতিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন ও ক্ষমতায়নে ব্র্যাক স্কুলে ২৫৫ জন ছাত্র/ছাত্রীদের ভর্তি করে সকল প্রকার সুযোগ সুবিধা দিয়ে আসছে। | | |
| | (১২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | ব্র্যাক দিনাজপুর সদর উপজেলায় মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর এবং জেলা প্রশাসনের সাথে যৌথভাবে মাদক বিরোধী এবং ধূমপান মুক্ত দিবস পালন করেছে। | | |
| **ওয়ার্ল্ড ভিশনবাংলাদেশ, নর্দান বাংলাদেশ রিজিওনাল ইন্টিগ্রেটেড কমিউনিটি ডেভেলপমেন্ট প্রকল্প** | স্বাস্থ্য, পুষ্টি, নিরাপদ পানি ও পয়: নিষ্কাশন কর্মসুচী | ❖ শিশুর পুষ্ট কর্মসূচীর আওতায় জনসচেতনতা বৃদ্ধির জন্য মিটিং এ অংশগ্রহনকারী ৫২১ জন।<br>❖ পুষ্টি কর্মসূচি (শিশুর ওজন পরিমাপের মাধ্যমে শিশুর পুষ্ট মান নির্নয় ও শিশুর মাকে নিয়ে সচেতনতা/ অভ্যাস পরিবর্তনের জন্য সেশন)-৪১৫১জন (শিশু)<br>❖ শিশুর জন্য পুষ্টি কার্যক্রমের আওতায় হার্থ সেশন- অংশগ্রহনকারী শিশুর মায়েদের অংশগ্রহণ- ৩৬৯ জন।<br>❖ নিরাপদ মাতৃত্ব বিষয়ে ৫০ মা'কে নিয়ে সচেতনতামূলক সেশন পরিচালনা।<br>❖ খাদ্যাভাস পরির্বতনের জন্য মাদের সাথে সেশন- অংশগ্রহনকারী- ১৮০ জন মা।<br>❖ পানি ও পয়ঃনিষ্কাশন বিষয়ে সচেতনতামুলক সেশন- অংশগ্রহনকারী- ৫৮৬ জন। | পৌরসভা, আউলিয়া পুর, চেহেলগাজী শেখপুরা ইউনিয়ন | |
| | জীবিকায়ন ও অর্থনৈতিক উন্নয়ন কর্মসুচী | ❖ ক্ষুদ্র ব্যবসা বিষয়ক ২৫ জন হত দরিদ্র লক্ষিত পরিবারের সদস্যের প্রশিক্ষণ প্রদান।<br>❖ বসত বাড়ীতে পুষ্টি বিষয়ক সবজি চাষ বিষয়ক ৯৮ জন হত-দরিদ্র লক্ষিত পরিবারের সদস্যের প্রশিক্ষণ প্রদান<br>❖ বসত বাড়ীতে সবজি চাষের জন্য ৩০০ জন হত দরিদ্র লক্ষিত পরিবারের সদস্যকে সবজি বীজ প্রদান<br>❖ আত্ব-কর্ম সংস্থান বৃদ্ধির জন্য ২৯৭ জন হত-দরিদ্র লক্ষিত পরিবারের সদস্যদের প্রশিক্ষণ প্রদান।<br>❖ আত্ব-বিশ্বাস ও সক্ষমতা বৃদ্ধির জন্য ৪৭৭ জন হত-দরিদ্র পরিবারের সদস্যের প্রশিক্ষণ প্রদান।<br>❖ বাজার উন্নয়ন ও বিপনন কার্যক্রমের আওতায় ৩৮৩ লক্ষিত পরিবারের সদস্যকে প্রশিক্ষণ প্রদান।<br>❖ আত্ব-কর্ম সংস্থান বিয়য় কাযক্রম পরিচালনার জন্য ১১ সহায়তাকারীদের পারিশ্রমিক প্রদান<br>❖ বর্ণাঢ্য র‍্যালি, আলোচনা সভা ও মহড়া অনুষ্ঠানে অংশগ্রহনপূর্বক জেলা প্রশাসনের সাথে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস পালন | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | জন সম্পৃক্তকরণ ও স্পন্সরশীপ পরিকল্পনা | ❖ শিশু নির্যাতন, সহিংষতা রোধ বিষয়ক সচেতনতা ও শিশু বিয়য়ক কার্যক্রম-অংশগ্রহনকারী- ৬৬৯ জন (শিশু ও মহিলা)।<br>❖ জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের সাথে আর্ন্তজাতিক নারী দিবস উদযাপন।<br>❖ শিশুশ্রম ও নির্যাতন রোধের জন্য শিশু শ্রম প্রতিরোধ কমিটির সাথে মিটিং- অংশগ্রহনকারী- ৬৯৯ জন ।<br>❖ জিএন এর মাধ্যমে গরু বিতরণ -৫টি (৫টি পরিবার), ছাগল বিতরণ-৬টি (৫ টি পরিবার), চেয়ার টেবিল বিতরণ ( ১ জন শিশু) সেলাই মেশিন বিতরণ ১ টি (১ টি পরিবার) ও সাইকেল বিতরণ ১টি ( ১জন শিশু) | | |
| **সোসাইটি ফর উদ্যোগ** | (১) ঋণ কার্যক্রম<br><br>(৩) স্যানিটেশন কার্যক্রম<br><br>(৪) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন<br><br>(৫) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে ৮৭ জনকে ২৫,৭৩,০০০/- টাকা ঋণ দেয়া হয়। ঋণ আদায় করা হয় ২২,৪৫,৭৫৭/- টাকা। সঞ্চয় আদায় করা হয় ২,৮০,৮৮৩/- টাকা এবং সঞ্চয় ফেরত প্রদান করা হয় ১,২৮,৩৫৯/- টাকা।<br><br>বিবেচ্য মাসে উঠান বৈঠকে সদস্যদের স্যানিটেশনে উদ্বদ্ধ করা হয়।<br><br>১ নং চেহেলগাজী ও ৪নং শেখপুরা ইউনিয়নে নারীর অধিকার আদায়, নারী শিক্ষা, বাল্যবিবাহ, যৌতুক, তালাক, বিরোধ নিস্পত্তি ইত্যাদি বিষয়ে দলিও সদস্যদের উদ্বুদ্ধ করা হয়।<br><br>বিবেচ্য মাসে নশিপুর নদিয়া পাড়ায় ২৫ জন কৃষককে চলতি মৌসুমে ভুট্টা এবং বরো ধান লাইনে রোপন ও মাটি পরিক্ষা করে পরিমিত রসায়নিক সার ও জৈব সার বোরো জমিতে প্রয়োগের পরামর্শ প্রদান করা হয়। | পৌরসভা<br>১নং ইউপি<br>৪নং ইউপি | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদেয়ের অনুরোধ করা হলো। |
| গ্রাম বিকাশ কেন্দ্র | (২) শিক্ষা কার্যক্রম<br><br>(৩) সভা | বিবেচ্য মাসে ২৯০ জন আদিবাসী ছাত্র/ছাত্রী ১ম থেকে ৫ম শ্রেণী পর্যন্ত ১৪ টি কমিউনিটিতে পড়া-শুনার অগ্রগতির জন্য শিক্ষক-শিক্ষিকার মাধ্যমে শিক্ষা সহায়তা পাঠদান করা হচ্ছে।<br><br>বিবেচ্য মাসে ০২টি নৃতাত্ত্বিক কমিউনিটির লোকদের সাথে সচেতনতামূলক সভা করা হয়। সভাতে মোট ১১৪ জন উপস্থিত ছিলেন। আলোচ্য বিষয়- 'এ আইজিএ ও মাদকের কুফল সম্পর্কে আলোচনা'। | দিনাজপুর সদর | |
| **গাওসুল আযম বিএনএসবি আই হসপিটাল** | (১) আই কেয়ার সাপোর্ট<br><br>(২) কাতার ক্রিয়েটিং ভিশন | বিবেচ্য মাসে চক্ষু শিবির ক্যাম্প করা হয় ০৪টি, ক্যাম্পে ৩০২৪ জন চক্ষু রোগীর চোখ পরীক্ষা করা হয় এবং ২৭৯ জন রোগীর চোখ অপারেশন করা হয়। এছাড়া পিইসিতে ২০০৩ জন রোগীর চক্ষু পরীক্ষা করা হয় এবং ১৮ জন রোগীর চক্ষু অপারেশন করা হয়। ৪১১ দরিদ্র রোগীদের বিনামূলে চক্ষু সেবা প্রদান করা হয়।<br><br>বিবেচ্য মাসে ৫৭৬৪ শিশুর চোখ স্ক্রীনিং, ৫২৩ শিশুর গ্লাস প্রেসক্রাইবড, ৮৭ জন শিশুর হাসপাতাল/ভিশন সেন্টার থেকে গ্লাস প্রোভাইড এবং ১০ জন দরিদ্র শিশুর চক্ষু সেবা সংক্রান্ত আর্থিক সহায়তা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| **জেএসকেএস** | ❖ যুব ফোরাম গঠণ | JSKS YOUTH Project:<br>প্রকল্পের পরিকল্পনা অনুযায়ী এ মাসে চারটি ইউনিয়নের ৩৬টি ওয়ার্ডের মধ্যে ৭টি ওয়ার্ডে যুব সমাবেশ করা হয়েছে। যার প্রধান উদ্দেশ্য হলো প্রকল্পের উপকারভোগি হিসেবে যুবদের চিহ্নিত করা এবং তালিকাভূক্ত করা। তালিকাভূক্ত যুবদের আগামীতে প্রকল্প থেকে সহায়তা প্রদান করা হবে। | দিনাজপুর সদর | |

| | | | | |
|---|---|---|---|---|
| অরবিন্দু শিশু হাসপাতাল | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম, | বিবেচ্য মাসে বহিঃ বিভাগে ২,৯৪৬ জনকে সেবা দেওয়া হয় এবং আন্তঃ বিভাগে ৭২৪ জনকে স্বাস্থ্য সেবা দেওয়া হয়। | দিনাজপুর | |
| নুরমিশন বাংলাদেশ | (১) নলকূপ স্থাপন<br><br>(২) শিক্ষা কার্যক্রম | বরাদ্দ না আসায় বিবেচ্য মাসে কার্যক্রম ছিল না।<br><br>বিবেচ্য মাসে উচ্চ শিক্ষা সহায়তা প্রদান ও নার্সিং/বিডিএস সহায়তা প্রদান কোয়াটারলী ভিত্তিতে বাস্তবায়ন করা হয়। | দিনাজপুর সদর। | |
| ওয়াইডাব্লিউসিএ | ১। শিক্ষা কার্যক্রম<br><br>২। ঋণ কার্যক্রম | নার্সারী ও ফ্রি স্কুলের ছাত্র-ছাত্রীদের প্রথম সাময়িক পরীক্ষার প্রস্তুতির জন্য কুইজ পরীক্ষা নেওয়া হচ্ছে।<br><br>বিবেচ্য মাসে ১২ জনকে ১,৫৪,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। এমাসে ঋণ আদায় করা হয় ৩,০৮,৮২৮/- টাকা। সঞ্চয় আদায় হয় ৩৯,৫৩৮/- টাকা। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদেয়ের অনুরোধ করা হলো। |
| বিএসডিএ | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্রঋণ দেওয়া হয় ৮,৭৫,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ৩,৭০,০০০/- টাকা। (কত জনের মধ্যে ঋণের টাকা বিতরণ করা হয় তা উল্লেখ করা হয়নি)<br><br>বর্তমানে বিএসডিএ-ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ৭৫টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১৮৫০জন। ৫২ জন শিক্ষিকাকে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ৪৫টি অভিভাবক সভা করা হয়েছে। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| দি লেপ্রসী মিশন বাংলাদেশ | (১) স্যানিটেশন কার্যক্রম<br><br>(২) প্রতিবন্ধী কার্যক্রম<br><br>(৩) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br>(৪) প্রশিক্ষণ কার্যক্রম | বিবেচ্য মাসে স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারে সদস্যদের বিভিন্ন মুখী কর্মের মাধ্যমে উদ্বুদ্ধকরণ ও সচেতনতা বৃদ্ধি করা হয়।<br><br>বিবেচ্য মাসে কুষ্ঠ ও অন্যান্য শারিরীক প্রতিবন্ধীদের নিয়ে দল গঠন ও শক্তিশালীকরণ কার্যক্রম চলমান রয়েছে মোট ২৬ টি দল চলমান আছে। যার সদস্য সংখ্যা ২৭১ জন।<br><br>বিবেচ্য মাসে ২৫ জন নতুন সন্দেহভাজন রোগী হাসপাতালে প্রেরণ করা হয় এবং তাদের মধ্যে ০২ জন কুষ্ঠ রোগী সনাক্ত করা হয়।<br>বিবেচ্য মাসে প্রতিবন্ধী সদস্য ও তাদের পরিবারের সদস্যদের সমাজ ভিত্তিক কারিগরী প্রশিক্ষনের মাধ্যমে জীবন জীবিকার মান উন্নয়ন সহায়তাকরণ সর্ম্পকে অবহিত করা হয় | দিনাজপুর সদর উপজেলা | |
| ইয়ং ড্রাগণ মার্শাল আর্ট সেন্টার দি ফাইট স্কুল | (১) বৃক্ষ রোপন কর্মসূচি<br><br>(২) মার্শাল আর্ট প্রশিক্ষণ | ২০১৭-২০১৮ অর্থ বছরে দিঘন এসসি উচ্চ বিদ্যালয়ের সামনে হতে ঝাড়ুয়া দিঘীর উত্তর পাড় পর্যন্ত বাটাইল/পাকা রাস্তার ধারে ফলজ, বনজ, ঔষধী গাছের চারা রোপন করা হয়েছে। উক্ত গাছের পরিচর্যা ও রক্ষণাবেক্ষন কাজ চলমান রয়েছে।<br>মার্শাল আর্ট প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। প্রশিক্ষণার্থীর সংখ্যা ২৫০ জন। | | |
| পল্লীশ্রী | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) বাল্য বিবাহ রোধ কার্যক্রম<br><br>(৩) সভা কার্যক্রম | বিবেচ্য মাসে ৬,০৮৮,০০০/- টাকা ঋণ বিতরণ ও ৫,৬৩৬,৫৮০/- টাকা ঋণ আদায় করা হয়।<br>বিবেচ্য মাসে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধের বিষয় নিয়ে আলোচনা করায় ১১৩ জন সদস্যের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাওয়ায় ৮০ জন যুব সদস্য বাল্য বিবাহ করবে না বলে অঙ্গিকার করেছে।<br>বিবেচ্য মাসে নারী ক্লাবে ০৪টি সভা হয়েছে। সভার আলোচ্য বিষয় ছিল- নারীর ক্ষমতায়ন, ক্ষমতায়নের উৎস এবং প্রয়োজনীয়তা।<br>এছাড়া আদর্শগ্রমে ০৪টি ও আদিবাসী সংগঠনে ২৪টি মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |

| | | | | |
|---|---|---|---|---|
| অনন্যা সংস্থা | প্রতিবন্ধী উন্নয়ন কর্মসূচী<br><br>দিবস পালন | ❖ ০৮ জন প্রতিবন্ধীকে ব্যায়াম পরামর্শ দেওয়া হয়, ০২ জনকে চক্ষু হাপাতালে রেফার করা হয়, ০২টি সচেতনতামূলক সভা করা হয়।<br><br>❖ ২৬শে মার্চ স্বাধীনতা দিবস উপলক্ষ্যে মুক্তিযোদ্ধা স্মৃতিস্তম্ভে শ্রদ্ধাঞ্জলি অর্পন করা হয়। | দিনাজপুর সদর | |
| সিডিএ | ❖ কৃষি ও পরিবেশ এবং অন্যান্য কার্যক্রম | বিবেচ্য মাসে সামিতির সাপ্তাহিক সভা অনুষ্ঠিত হয় ৪৮টি, জনসংগঠনের সাধারন পরিষদের সভা অনুষ্ঠিত হয় ১৯টি, জনসংগঠনের নির্বাহী পরিষদের সভা অনুষ্ঠিত হয় ১৬টি, জনসংগঠন সাধারণ সভায় ফিল্পচার্ট প্রদর্শন করা হয়েছে ৩টি।<br><br>এছাড়া বিবেচ্য মাসে আইন সহায়তা প্রদান করা হয়েছে - ০১টি এবং প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সম্পন্ন করা হয়েছে - ০৪ টি। | দিনাজপুর সদর। | |
| ❖ অন্যান্য/বিবিধ | | যেসকল সংস্থা মাসিক প্রতিবেদন জমা দেন নাই তাদের কে আগামী মাস হতে বিনা ব্যর্থতায় প্রতিবেদন জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।<br><br>উল্লেখযোগ্য সংস্থাগুলো হলো- সিডিডি, টিএমএসএস, এসএমএনবি, পল্লী বন্ধু, ইএসডিও, নারীর জন্য নারী, অন্বেষন, পিএসটিসি ইত্যাদি। | | |
| ❖ যে সকল সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | | অরবিন্দু শিশু হসপিটাল, কাঞ্চন, এসইউপিকে, প্রত্যাশা, সিডিডি, উত্তরণ, এসএমএনবি, এফপিএবি ইত্যাদি সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | | |

## <u>আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তসমূহঃ</u>

১। প্রতিটি সংস্থা তাদের প্রতিবেদনে সুনিদিষ্টভাবে গৃহীত কার্যক্রম দাখিল করবেন এবং প্রতিটি সংস্থাকে প্রতি মাসের ১ হতে তারিখ থেকে ৭ তারিখের মধ্যে মাসিক সভায় কার্যবিবরনীর ছক মোতাবেক মাসিক প্রতিবেদন জমা দেওয়ার জন্য সিদ্ধার্ন্ত গৃহিত হয়। প্রতিটি এনজিওকে প্রকল্প শুরুর প্রাক্কালে এফ ডি-৬ এর কপি উপজেলা সমাজসেবা অফিসারে এর নিকট জমা দেওয়ার সিদ্ধার্ন্ত গৃহিত হয় এবং প্রকল্প চলাকালে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিকে সক্রিয়ভাবে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সিদ্ধার্ন্ত সভায় গৃহীত হয়।

২। সকল এনজিও/সংস্থা কর্তৃক প্রদেয় স্যানিটেশনসহ সকল সুবিধা প্রদানের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের অনুমতিক্রমে এলাকা নির্বাচনের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।

৩। যে সকল এনজিও কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানে ল্যাট্রিন প্রদানের ব্যবস্থা গ্রহণ করে থাকেন তাঁদের ল্যাট্রিন প্রদানের একটি তালিকা জনস্বাস্থ্য প্রকৌশলীকে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। অত্র উপজেলার ভিক্ষুক পুর্নবাসনের জন্য ভিক্ষুকের তালিকা মাসিক প্রতিবেদনে এনজিও প্রতিনিধিগন দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহীত হয়।

৫। **'বুরো বাংলাদেশ'** সংস্থা আগামী মাসে মাল্টিমিডিয়ার মাধ্যমে তাঁদের কার্যক্রম উপস্থাপন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

৬। সভার কার্যবিবরনীর ছক অনুযায়ী মাসিক প্রতিবেদন প্রদান করার জন্য উপস্থিত সকল এনজিওকে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন অন্তে সভার সমাপ্তি ঘোষনা করেন।

27/08/17

মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
দিনাজপুর সদর, দিনাজপুর।

## পরিশিষ্ট - 'ক'

উপস্থিত সদস্যদের নাম ও পদবী ( স্বাক্ষরের ক্রমানুসারে)

১। জনাব মো: আসাদুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর "
২। জনাব মোঃ আনোয়ারুল ইসলাম বাবলু, নির্বাহী পরিচালক, অনুঘটক ডেরগানী-২, রামনগর, দিনাজপুর "
৩। জনাব সুরাইয়া আখাতার, ম্যানেজার, পল্লীশ্রী, বালুবাড়ী, দিনাজপুর। "
৪। জনাব নাজমা বেগম, আঞ্চলিক সমন্বয়কারী, কমিউনিটি ডেভেলপমেন্ট এসোসিয়েশন, সদর, দিনাজপুর "
৫। জনাব মোঃ শাহীনুর ইসলাম, প্রোগ্রাম সমন্বয়কারী, এফপিএবি, ঘাসিপাড়া, দিনাজপুর "
৬। জনাব মো: আলাউদ্দিন, মাঠ কর্মকর্তা, কারিতাস দিনাজপুর "
৭। জনাব মোহন মুর্মু, প্রোগ্রাম অফিসার, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, দিনাজপুর এপি, দিনাজপুর "
৮। জনাব সেবাষ্টিয়ান হেম্রম, লিগ্যাল প্রমোটর, এনডিএফ, ডাঙ্গাপাড়া, সদর, দিনাজপুর। "
৯। জনাব সুনীল কুমার রায়, সিএম, উত্তর প্রতিবন্ধী সংস্থা, দিনাজপুর সদর,দিনাজপুর। "
১০। জনাব অজয় হালদার, হিসাব রক্ষক, আমইর সিডিএসপি বাংলাদেশ, লালুপাড়া, সদর, দিনাজপুর "
১১। জনাব রবিন মুরমু, সিডিএফ, দি লেপ্রসি মিশন, দিনাজপুর "
১২। জনাব পুলিন চন্দ্র রায়, প্রোগ্রাম সমন্বয়কারী, নিরাপদ বাংলাদেশ সংস্থা, সদর, দিনাজপুর। "
১৩। জনাব শুকলা রায়, উপজেলা কো-অর্ডিনেটর, ডেমোক্রিসি ওয়াচ, উত্তর বালুবাড়ী, দিনাজপুর "
১৪। জনাব এম.এ ছালাম, ম্যানেজার, টিএমএসএস, নিমনগর, উপশহর-০১, দিনাজপুর সদর, দিনাজপুর "
১৫। জনাব আসমা আক্তার, এ.এফ, মানব কল্যাণ পরিষদ, বালুবাড়ী, দিনাজপুর "
১৬। জনাব মোঃ দুলাল হোসেন, সাব এগ্রিকালচার ডেভেলোপমেন্ট অফিসার, সোসাইটি ফর উদ্যোগ, ঘাসিপাড়া, দিনাজপুর"
১৭। জনাব মোঃ কামাল উদ্দিন, ফি:জোনাল ম্যানেজার, টিএমএসএস, নিমনগর, উপশহর-০১, সদর, দিনাজপুর "
১৮। জনাব মোঃ দবিরুল ইসলাম, প্রিন্সিপাল, বিএসডিএ, ঈদগাঁহ আবাসিক এলাকা, দিনাজপুর "
১৯। জনাব সুদীপ্ত কুমার বসাক, ম্যানেজার, মেরী স্টোপস, বালুবাড়ী, দিনাজপুর "
২০। জনাব মূর্ণা মিঞা, সাধারণ সম্পাদক, পল্লী বন্ধু, সদর, দিনাজপুর "
২১। জনাব মুর্শেদা পারভীন মলি, সহকারী অফিসার (এইচ আর), এমবিএসকে, বালুবাড়ী, দিনাজপুর "
২২। জনাব মমিনুল ইসলাম, সাধারণ সম্পাদক, ইয়ং ড্রাগন ক্লাব, দিঘন, সদর, দিনাজপুর। "
২৩। জনাব রাবেয়া খাতুন, হিসাব রক্ষক, অনন্যা সংস্থা, দিনাজপুর সদর, দিনাজপুর "
২৪। জনাব ইস্টের অল্পনা দাস, প্রকল্প ব্যবস্থাপক, মশীহাপাড়া চাইল্ড স্পন্সরশীপ প্রোগ্রাম, দিনাজপুর। "
২৫। জনাব মিথুয়েল হেম্রম, হিসাব রক্ষক, নুরমিশন বাংলাদেশ, পশ্চিম শিবরামপুর, সদর, দিনাজপুর "
২৬। জনাব ডিএসএম জিল্লুর রহমান, নির্বাহী পরিচালক, বিবিডিএস, বড়পুল, সদর, দিনাজপুর। "
২৭। জনাব স্বপ্না সুবর্না তপ্ন, জেনারেল ম্যানেজার, ওয়াইডাব্লিউসিএ, বড়পুল, দিনাজপুর "
২৮। জনাব মোঃ সাইদুর রহমান, হিসাব কর্মকর্তা, বিএনএসবি, উপশহর, দিনাজপুর "

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
দিনজাপুর সদর, দিনাজপুর।

স্মারক নং-৪১.০১.২৭৬৪.০০০.০৫.০০৫.২০১৯. ৬৩ তারিখ ঃ এপ্রিল, ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ
১। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। চেয়রম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ
৪। উপজেলা.........................কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর।
৫। চেয়ারম্যান ,..................নং .............ইউপি সকল দিনাজপুর, দিনাজপুর।
৬। জনাব......................................এনজিও প্রতিনিধি দিনাজপুর সদর, দিনাজপুর।

২৯/৪/১৯
মোঃ আসাদুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার
দিনাজপুর সদর,দিনাজপুর